

আমার জন্যে (একটি রবীন্দ্রসঙ্গীতকে স্মরণে রেখে) মিঠু ঘোষাল

তোমারই জন্যে

শুধু তোমারই জন্যে গড়েছি নতুন পৃথিবী

এঁকেছি যতনা রঙজীন, সজীব ছবি।

শুধু তোমারই জন্যে, শুধুই তোমার জন্যে নদী।

গাছের ছায়া, রাতের মায়া

হাসিতে তোমার ফুল ফুটে ওঠে যদি।

তোমারই জন্যে শুধু

নীল শাঢ়ীতে সিঁড়ুরে রাঙানো বধু।

গোলাপী বাতাস, সাগর-পাহাড়, বরনা ধারা

তোমারই জন্যে সবাই তারা।

দেখো দূর নীলিমায় সূর্য-চন্দ্র, মেঘ মন্ত্র

রাতের দেহে জ্যোছনা রঞ্জ

ইন্দ্রধনু, মেঘমল্লার

সবই যে তোমার।

প্রজাপতি, পাখীর পাখা

পাতার বাঁশি সুরে মাখা

তোমারই জন্যে বৃষ্টি

সৃষ্টি-অনাসৃষ্টি।

বাঁধভাঙা জল, ছাপানো দুরুল

তোমারই জন্যে সাজানো বাগান

আশ্রমুকুল।

সবই তোমার, তোমার জন্যে, তোমারই জন্যে

তোমারই জন্যে ধূপ ও মধুপ, পাখীর কূজন।

আমার জন্যে, আমার জন্যে শুধুই তুমি, শুধুই তুমি

শুধু আমারই জন্যে তোমার সৃজন।

আমার জন্যে তোমার দেহ, তোমার মন।

তোমার চোখের অশু শ্রাবণ

বীলাভ যে এ সফেন স্বপন

যার তরে সব - আমিই সে জন।

তোমার বুকের দুঃখ-আগুন, সুখ ও ফাগুন

আমারই জন্যে তোমার ও বৃপ্ত

তোমারই গুণ।

আশা-নিরাশার দোল-দোলানি

দূয়ো যে এক, এক জন সে সূয়ো রানী

আমারই জন্যে, আমি তা জানি।

তোমার জন্যে দেউল-শুশান, সাধনা সোগান

তোমারই জন্যে কাব্য ও জ্ঞান।

তোমার জন্যে বসন্ত, তোমার জন্যে মধু

আমার জন্যে তুমি আছো এক, তুমিই আছো শুধু।

তোমার ওপর নিষ্ঠুরতা, আস্থা যে আর নির্ভুরতা

তোমার সাথই গান ও কথা।

শক্তি তুমি, তুমিই আমার দুর্বলতা।

গলানো সোনার রোদে ভিজে

চাঁদের রাতে তারায় সেজে

সকাল-সাঁবো তোমার কাছে

হার মানি যে নিজে

সমীপে তোমার, তোমার পিছে

সকল সময় বলে যে বেড়াই

তোমারই মাঝে আমি যে হারাই

তোমায় নইলে আমার প্রেম হ'ত যে মিছে।